

2021
4th Semester
BENGALI (HONOURS)
PAPER: C403

Full Marks: 40

Time: 2 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

Course Name: উনিশ-বিশ শতকের উপন্যাস

Course Code: BAHBNGC403

১. যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

১X৫

- ক) শব্দার্থ লেখো - তদ্বর্তনসম্বর্তী অথবা সমভিব্যাহারী ?
- খ) লুৎফউল্লিসা কপালকুন্ডলা উপন্যাসে আর কী কী নামে উল্লেখিত হয়েছে ?
- গ) কপালকুন্ডলা উপন্যাসের ঘটনা মোটামুটি কতটা সময় জুড়ে ঘটেছিল ?
- ঘ) পেশমনের প্রশ্নের উত্তরে লুৎফউল্লিসা আপনার কোন আশু উদ্দেশ্যের কথা জানিয়েছিল ?
- ঙ) মধুমাস বলতে কোন ঋতু বোঝানো হয়েছে ?
- চ) 'অদ্য এই দুই চমৎকারিণী পরস্পরের মন জানিতে উৎসুক হইলেন' – দুই চমৎকারিণী কে কে ?
- ছ) কত সালে 'চোখের বালি' গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল ?
- জ) মহিনের কাকীর নাম কী ?
- ঝ) রাজলক্ষ্মীর জন্মস্থান কোথায় ?
- ঞ) বিনোদিনীকে কলকাতায় নিয়ে এসে মহেন্দ্র কোথায় রেখেছিল ?

২. যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

২X৫

- ক) বঙ্গীয় দশম একাদশ শতাব্দীতে প্রাচীন বাণিজ্য-নগরী সপ্তগ্রামের অবস্থা কেমন ছিল ? এর কারণ কী ?
- খ) নবকুমারের 'এক সংসারও নহে' কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও।
- গ) কাপালিকের হাত ভেঙেছিল কীভাবে ?

ঘ) 'নবকুমারের প্রতি পেশমনের বিশেষ বিরাগ জন্মিয়াছিল...'- কেন ?

ঙ) 'আর তোমাকে আমার কোন ভয় নাই। আইস।'- কে কাকে বলেছেন একথা ? কেন বলেছেন ?

চ) বিনোদিনীর সঙ্গে কার বিবাহ হয়েছিল ? সেই বিবাহের কী পরিণাম হয় ?

ছ) অন্নপূর্ণাকে রাজলক্ষ্মী কী বলে ডাকতেন ? আশা অন্নপূর্ণার কে ছিল ?

জ) বসন্ত কে ? মহেন্দ্ররা কোথায় পিকনিক করতে গিয়েছিল ?

ঝ) বিনোদিনী কেন এলাহাবাদেই কিছুদিন থাকবে ঠিক করেছিল ?

ঞ) বিহারী কী উদ্দেশ্যে গঙ্গার ধারে বাগান বাড়িতে ব্যবস্থাপনা করেছিল ?

৩. যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

৫X৩

ক) কপালকুণ্ডলাকে নবকুমার প্রথম কী পরিবেশ দেখেছিলেন ? সেই প্রথম দেখার সময়ে নবকুমারের যে অনুভূতি হয়েছিল তা নিজের ভাষায় লেখো।

খ) নবকুমারের বাড়ি ও তার চারপাশের পরিবেশের বিবরণ দাও।

গ) 'কপালকুণ্ডলাও পরিষ্কার চন্দ্রালোকে আগন্তুক পুরুষের অবয়ব সুস্পষ্ট দেখিলেন...'- কপালকুণ্ডলা কী দেখেছিলেন নিজের ভাষায় বর্ণনা দাও।

ঘ) আশার বিবাহ শেষ পর্যন্ত মহেন্দ্রর সঙ্গেই ঘটে উঠল। ঘটনাটির আনুপূর্বিক বিবরণ সহ আলোচনা করো।

ঙ) আশার বিদ্যাচর্চার বিষয়টি নানা সময়ে বিভিন্নভাবে উপন্যাসের জটিলতায় ইন্ধন জুগিয়েছে। আলোচনা করো।

চ) 'প্রাণের দায়ে শিথিয়াছি, নিজের যত্ন নিজেকেই করিতে হয়।'- কে কাকে একথা বলেছে ? প্রসঙ্গটি লেখো।

৪. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০X১

ক) 'অন্তঃকরণ মধ্যে দৃষ্টি করিয়া দেখিলেন তথায় ত নবকুমারকে দেখিতে পাইলেন না, তবে কেন লুৎফউল্লিসার সুখের পথ রোধ করিবেন ?'- এখানে কার কথা বলা হয়েছে ? এই উক্তির আলোকে বক্তার স্বভাব বৈশিষ্ট্য ও শিল্পী বঙ্কিমচন্দ্রের আধুনিক মনোভাবটি আলোচনা করো।

খ) 'চোখের বালি' উপন্যাসের শুরু থেকে শেষ পর্যন্ত মহেন্দ্র বিহারীর সম্পর্কের বিষয়টি আলোচনা করো।

গ) উপন্যাসের নাম 'চোখের বালি'। এ শুধু আশা- বিনোদিনীর সম্পর্কের নিরিখ নয়, উপন্যাসটির নামকরণের গভীরতর তাৎপর্য। আলোচনা করে বুঝিয়ে দাও।